মেহেরপুরে মাল্টি স্টেক হোল্ডার ওয়ার্কশপ অনুষ্ঠিত

নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় মেহেরপুরে বিদ্যমান পলিসির প্রয়োগ ও নতুন পলিসি উন্নয়নে মাল্টি স্টেক হোল্ডার ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১০টায় জেলা প্রাণিসম্পদ অফিসের সম্মেলন কক্ষে আরএমটিপি প্রকল্প ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

ওয়ার্কশপে সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী। উপস্থিত ছিলেন সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল মামুন, গাংনী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. মোত্তালেব আলী, মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. হারিছুল আবিদ, আরএমটিপি প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ডা. আবু সালেহ মো. শহিদ, ওয়েভ ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার মো. শাহ আলম, মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার মো. পলাশ মিয়া, ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর ডা. মো. আজিজুল হক, মো. আব্দুল হাদি ও সহকারী ফ্যাসিলিটেটর মোছা. সহিবা খাতুন, মো. আল আমিন এবং মো. মহিদুল ইসলাম হোসেন।

এছাড়াও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন বিভিন্ন কোম্পানির প্রতিনিধি, ঘাসের ডিলার পয়েন্ট, দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াজাতকারী, মিট প্রসেসিং উদ্যোক্তা, ভার্মি কম্পোস্ট উদ্যোক্তা, লিড খামারী ও এলএসপি প্রতিনিধিসহ বিভিন্ন স্টেক হোল্ডারগণ।

ওয়ার্কশপে নিরাপদ খাদ্য ও প্রাণিসম্পদ খাতের বিদ্যমান পলিসি এবং তা বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরা হয়। গবাদিপশুর লালন-পালনে আধুনিক প্রযুক্তির ব্যবহার, নিরাপদ মাংস ও দুধ উৎপাদনে অপ্রয়োজনীয় ওষুধের ব্যবহার রোধ, স্টেরয়েড ব্যবহার বন্ধ এবং ব্যবসা পরিচালনায় সরকারি নির্দেশনার যথাযথ বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়। এছাড়া, ভ্যাকসিন হাবের প্রয়োজনীয়তা, নিরাপদ খাদ্য আইন ও স্টেক হোল্ডারদের দায়িত্ব সম্পর্কেও আলোকপাত করা হয়।

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী তার

বক্তব্যে আরএমটিপি ও ওয়েভ ফাউন্ডেশনের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও আমিষের চাহিদা পূরণে সম্মিলিত অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

ওয়ার্কশপ শেষে অংশগ্রহণকারীদের মধ্যে মতবিনিময় ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়।

হরিনাকুণ্ডু মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২এপ্রিল) বেলা ১১টায় হরিনাকুন্ডু উপজেলা ও পৌর মহিলা দলের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সেসময় কর্মী সভায় হরিনাকুন্ডু উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫ শতাধিক নারী কর্মী অংশ নেন।

এতে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ বিশেষ অতিথি হিসেবে হরিনাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সহকারী অধ্যাপক কামাল হোসেন, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, মহিলা দলের আহ্বায়ক মোছা. সেলিনা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহিলা দলের বিভিন্ন ইউনিটের ভবিষ্যৎ কর্মপদ্ধতি, সাংগঠনিক তৎপরতা ও নির্বাচন কেন্দ্রীক সার্বিক প্রস্তুতির বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

মেহেরপুরে ওলামা ও তুলাবা পরিষদের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর সদরের বারাদীতে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বারাদি ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর হল রুমে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের সভাপতি মাওলানা মুফতি জুনায়িদ আল হাবিবি’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বারাদি মাদিনাতুল উলুম কওমিয়া মাদ্রাসার মুহতামিম মাওলানা শফিকুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ওলামা ও তুলাবা পরিষদের প্রধান উপদেষ্টা মাওলানা হারুন অর রশিদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষক আব্দুল জব্বার।

বারাদী ইউনিয়ন ওলামা ও তুলাবা পরিষদের সিনিয়র সভাপতি মাওলানা মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মাওলানা মোফাজ্জল হোসেন।

মাওলানা মুফতি মাসুদ রানার সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, হাফেজ মাওলানা আবু বকর সিদ্দিক, সহ-সভাপতি: মাওঃ খায়রুল ইসলাম: মুফতি মামুনুর রশীদ, মুফতি এমদাদুল ইসলাম, যুগ্ন-সাধারন সম্পাদক মুফতী তাওহীদ আদনান, সাংগঠনিক সম্পাদক মাওঃ আশরাফুল ইসলাম।

মুজিবনগরের দারিয়াপুরে জামায়াতে ইসলামীর ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়ন জামায়াত ইসলামীর দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ মাঠে দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামী আয়োজনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামী আমীর আব্দুল হালিম এর সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওঃ তাজউদ্দিন খান, বিশেষ অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী আমীর মাওঃ খানজাহান আলী।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী তারবিয়াত সেক্রেটারি মাও: ফিরাতুল ইসলাম নাঈম, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী সমাজকল্যাণ বিষয়ক সেক্রেটারি মোহাম্মদ জারজিস হুসাইন, মুজিবনগর থানা জামায়াতে ইসলামী সেক্রেটারি খাইরুল বাসার, মুজিবনগর থানা জামায়াতে ইসলামী বাইতুল মাল সেক্রেটারি আমির হোসেন, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, মুজিবনগর উপজেলা ছাত্রশিবির সভাপতি আবু তালহাসহ দারিয়াপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর নেতাকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

মুজিবনগরে বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুর বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে দারিয়াপুরে মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজ প্রাঙ্গনে দারিয়াপুর ইউনিয়নের কয়েক হাজার বিএনপি’র নেতাকর্মীর উপস্হিতিতে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম মাষ্টারের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও সাবেক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, আহ্বায়ক কমিটির সদস্য ও মেহেরপুর বার কাউন্সিলের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ন আহবায়ক শাহিনুর রহমান, যুবদল নেতা আরিফ হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট সেলিম গাজী, ছাত্রনেতা মিঠুন সহ দারিয়াপুর বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ইফতারের আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায এবং ছোট্ট শিশু আছিয়ার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত।

মুজিবনগরে বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে বাগোয়ান বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে বাগোয়ান আননূর টেকনিক্যাল কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও সাবেক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ম আহবায়ক শাহিনুর রহমান, যুবদল নেতা আরিফ হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট সেলিম গাজী, ছাত্রনেতা মিঠুন সহ বাগোয়ান বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ইফতারের আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত এবং বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুর উপজেলা পর্যায়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতির বিষয়ে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর ইউপি প্রশাসনিক কর্মকর্তাদের সাথে দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৭ ফেব্রুয়ারি) সকাল দশটার দিকে মেহেরপুর সদর উপজেলা কার্যালয় কনফারেন্স রুমে সমন্বয় সভা আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলামের সভাপতিত্বে সময় উপস্থিত ছিলেন মেহেরপুর ডিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ আসাদুজ্জামান, সদর উপজেলা সমন্বয়কারী মোঃ আলমগীর কবির, গ্রাম আদালত প্রকল্প প্রোগ্রাম এন্ড ফাইনান্স অফিসার মোঃ সাহাজুল ইসলাম, মোহাম্মদ আজিম উদ্দিন, ইউনিয়নের প্রশাসনিক

কর্মকর্তা, বারাদি ও সদর উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর প্রমূখ।

এ সময় তারা বলেন, হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটররা তাদের নিজেদের দক্ষতা বৃদ্ধি করবে এবং সাধারণ মানুষদের গ্রাম আদালতের সেবা নিশ্চিত করতে তাদের সহযোগিতা করবে। বিভিন্ন গ্রাম পরিদর্শন করবে এবং গ্রাম আদালতের প্রচার বৃদ্ধি করবে। দাম আদালতের আবেদন গ্রহণ করবে,সরকার গ্রাম আদালতের বিশাল ক্ষমতা দিয়েছে তার যথাযথ প্রয়োগ করতে হবে। প্রতিটা ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতের ব্যানার থাকতে হবে যেখানে বিচার সেবা চলে।

ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতের আইন বিষয়ে সাইন বোড থাকতে হবে। আপনাদের মাঝে নিবন্ধন এবং গ্রাম আদালতের মামলা সংখ্যা বৃদ্ধি নিয়ে প্রতিযোগিতা থাকতে হবে এবং প্রতিমাসে অবস্থান ভিত্তিক তথ্য দিতে হবে। গ্রাম আদালতে সহজে অল্প সময়ে বিরোধ নিস্পত্তি করা হয়, এখানে মানুষ হয়রানি হয় না মানুষের মাঝে সুসম্পর্ক তৈরি হয়।

মুজিবনগরে স্কাউটিং এর স্কাউট সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে পাঁচ দিনব্যাপী তারুণ্যের উৎসবে স্কাউটিং এর উপজেলা স্কাউটিং সমাবেশের উদ্বোধন হয়েছে।

রবিবার (১৬ ফেব্রুয়ারি) সকালে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে উপজেলা স্কাউট সমাবেশের উদ্বোধন করেন উপজেলা স্কাউট সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বাংলাদেশ স্কাউট মেহেরপুর জেলার সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলার নির্বাহী অফিসার ও স্কাউট সভাপতি পলাশ মন্ডল বলেন, স্কাউটিংয়ের কার্যক্রম সারা বাংলাদেশে বিস্তার লাভ করেছে। স্কাউটিংয়ের সদস্যদের বড় গুণ হলো তারা যেকোনো সমস্যা মোকাবেলায় হাতে কলমে পরিস্থিতি মোকাবেলার জন্য

প্রস্তুত থাকে।

মানবতা ও সেবার ব্রত নিয়ে স্কাউটরা প্রাকৃতিক দুর্যোগ কিংবা অসহায় মানুষের আর্তনাদ লাঘব করতে হাত বাড়িয়ে ছুটে চলছে। তারুণ্যের উৎসব উপজেলা স্কাউট সমাবেশে অংশ নেয়া শিক্ষার্থীরা এখান থেকে শিক্ষা নিয়ে দেশ গড়ার কাজে নিজেরদের নিয়োজিত করবেন।

এ সময় বক্তব্য রাখেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান,প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, মেহেরপুর জেলা বাংলাদেশ স্কাউট এর পোগ্রাম চীফ ও সাধারণ সম্পাদক আবুল হোসেন, উপজেলা স্কাউট সম্পাদক জহিরুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স প্রমুখ।

উপজেলা স্কাউট সমাবেশ ও তারুণ্যের উৎসবে উপজেলার ১২ টি বিদ্যালয়ের ৯৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

মুজিবনগরে জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে শান্তি শৃঙ্খলা উন্নয়নে সামাজিক সচেতনতায় যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবপ উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর

রহমান, জেলা মুখ্য সংগঠক ও উপজেলা প্রধান সমন্বয়ক ছাত্র প্রতিনিধি শাওন শেখ প্রমুখ।

এর আগে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে যুবকদের নিয়ে একটি জনসচেতনতা মূলক র্যালী বের করা হয়।

দর্শনার সাড়াবাড়িয়ায় নারী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সড়াবাড়িয়া সরকরী প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে গণ-যোগাযোগ অধিদপ্তর ও সম্প্রচার মন্ত্রালয়ের বাস্তবায়নে এ নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

তারুণ্য নির্ভিক উন্নত সমৃদ্ধি বৈষম্যহীন ও জবাবদিহিতা বাংলাদেশ গড়ে তুলতে এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে উদ্বুদ্ধ করণের লক্ষে এ নারী সমাবেশের আয়োজন করা হয়। এ সমাবেশে সড়াবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের প্রায় শতাধিক মায়েরা উপস্থিত ছিলেন।

নারী সমাবেশে চুয়াডাঙ্গা জেলা তথ্য কর্মকতার্ শিল্পী মন্ডল সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কে এম তাসফিকুর রহমান দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি)।

তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, শিশুদের যে ভাবে তার পরিবার ছোট থেকে গড়ে তুলবে সেভাবেই সে গড়ে উঠবে। প্রতিটি পরিবার একটি হাই কমান্ড মা-বাবা তাদের যে ভাবে লালন পালন করবে সে সেই ভাবেই প্রতিষ্ঠিত হবে। ছোট ছোট কমলমতি শিশুদের হাতে মোবাইল ফোন তুলে দেবেন না। এতে করে তারা মোবাইল আশক্ত হয়ে পড়বে। ফলে শিশুদের ব্রেন প্রসারিত হতে পারবে না। চোখের সমস্যা হবে। এ বিষয় মায়েদের সর্তক হতে হবে। এছাড়া শিশুরা যাতে মাদক যুক্ত হতে না

পারে সে দিকে লক্ষ রাখতে হবে। এছাড়া তথ্য অধিকার, ইভটিজিং, বাল্য বিবাহ, মাদক ও পরিবেশ সংরক্ষণে প্রতিটি মা ও বাবাকে তার সন্তানের প্রতি সর্তক ও খেয়াল রাখতে হবে। ছেলে -মেয়ে যাতে বিপথে না যেতে পারে।

এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, সহকারী শিক্ষা অফিসার নুর ইসলাম ও সড়াবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরা খানম। অনুষ্ঠান পরিচালনা করেন, জেলা উচ্চমান সহকারী অফিসের আব্দুর রাজ্জাক।